উল্লাপাড়া উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ : ২০-১২-২০২১ খ্রিঃ। সময় : সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ" তে সংযুক্ত।

সভায় উপস্থিত উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	গত সভার কার্যবিবরণী অনুমোদন	নভেম্বর/২০২১ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো।	সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি
০২	গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা	নভেম্বর/২০২১ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে।	সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি
০৩	**অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি :** ২০২১-২০২২ অর্থ বছরে এডিপির বরাদ্দ এখনও পাওয়া যায় নাই। ২০২১-২০২২ অর্থ বছরে এডিপির সকল প্রকল্পের প্রকল্প তালিকা কোন কোন ইউনিয়ন থেকে অদ্যাবধি পাওয়া যায় নাই। জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। ২। উপজেলা পরিষদের আবাসিক ভবন কামিনি (নীচতলা পূর্বপার্শ্বে) মেরামত, উপজেলা আনসার ও ভিডিপি অফিসের পার্শ্বের টয়লেট মেরামত এবং অফিসার্স ডরমেটরীতে টয়লেট মেরামত কাজের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	জরুরী ভিত্তিতে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপির সকল প্রকল্পের প্রকল্প তালিকা প্রেরণ নিশ্চিত করতে হবে। ২। বিস্তারিত আলোচনান্তে সরেজমিনে নিরীক্ষান্তে আবাসিক ভবন কামিনি (নীচতলা পূর্বপার্শ্বে) মেরামত, উপজেলা আনসার ও ভিডিপি অফিসের পার্শ্বের টয়লেট মেরামত এবং অফিসার্স ডরমেটরীতে টয়লেট মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া
০৪	**মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি :** ১লা জানুয়ারীতে দেশে বই বিতরণের আলোকে অত্র উপজেলায় বই বিতরণ শুরু হবে। কারিকুলাম রূপরেখা/২০২১ এর আওতায় ট্রাই-আউট ১০০ প্রতিষ্ঠানের মধ্যে অত্র উপজেলায় ডিক্রিরচর ফাজিল মদ্রাসা অন্তর্ভুক্ত। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	এইচ এস সি ও আলিম পরীক্ষা ও ১০ম শ্রেণির ভোকেশনাল পরীক্ষা চলছে। মাস্ক ও দুরত্ব বজায় রেখে সুন্দর পরিবেশে অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া
০৫	**কৃষি ও সেচ বিষয়ক কমিটি :** রবি মৌসুমের চলমান প্রণোদনা ও পুনর্বাসন কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। এ পর্যন্ত ১৮৭৬০ হেক্টর জমিতে সরিষার আবাদ হয়েছে। অদ্যাবধি ৮৫জন মৌচাষী মৌ বক্স স্থাপনের মাধ্যমে সরিষা ফুলের মধু সংগ্রহ শুরু করেছে। আসন্ন বোরো মৌসুমে ৩২২০০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্যে এ পর্যন্ত ১৩২০ হেক্টর জমিতে বীজতলা স্থাপন করা হয়েছে।	সরিষার উৎপাদন বৃদ্ধির জন্য মনিটরিং কার্যক্রম বাড়াতে হবে। মধু উৎপাদন বৃদ্ধির জন্য মৌচাষীদেরকে সকল ধরনের সহযোগিতা প্রদান করতে হবে। বোরো ধানের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সঠিকভাবে পরিকল্পনা তৈরি ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া
০৬	**প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি :** উপজেলা শিক্ষা অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২৪-১২-২১	ক্লাস্টারভিত্তিক বই বিতরণ কার্যক্রম	উপজেলা

	হতে ৩০-১২-২১ পর্যন্ত সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় শীতকালিন বন্ধ থাকবে। তবে ২৬ ডিসেম্বর, ২১ হতে বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রতিটি বিদ্যালয়ে সরবরাহ করা হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক ১ জানুয়ারী, ২০২২ মাননীয় প্রধানমন্ত্রীর বই বিতরণ কার্যক্রম উদ্বোধনের পর প্রতিটি বিদ্যালয়ে বই বিতরন কার্যক্রম শুরু হবে।	আনুষ্ঠানিকভাবে যথাসময়ে সম্পন্ন করতে হবে।	শিক্ষা কর্মকর্তা
০৭	**মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি ঃ** **প্রাণি সম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। **মৎস্য বিভাগ ঃ** ডিসেম্বর/২০২১ মাসে অভিযান পরিচালনার মাধ্যমে সিরাজগঞ্জ রোড মৎস্য আড়ত হতে ৮০ কেজি ও শ্যামলীপাড়া মৎস্য আড়ত থেকে ২০ কেজি মোট ১০০ কেজি জাটকা উদ্ধার ও জব্দ করা হয়। জব্দকৃত জাটকা ১০টি এতিমখানা ও মাদ্রাসায় বিতরণ করা হয়েছে। উপজেলা মৎস্য দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	তড়কা রোগের টিকা প্রদান প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৬০০০০০/- উক্ত প্রকল্প দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। অবৈধ চায়না দুয়ারী জালের ব্যবহার বন্ধে অভিযান পরিচালনা অব্যাহত রাখাসহ আরও জোরদার করতে হবে।	উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া উপজেলা মৎস্য কর্মকর্তা
০৮	**যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি ঃ** তিনি বলেন উপজেলা যুব উন্নয়ন দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। জাতীয় যুব দিবস, ২০২১ উল্লাপাড়া উপজেলায় যথাযোগ্য মর্যাদায় উদ্যাপন করা হয়েছে। উক্ত দিবসে ২৬ জন প্রশিক্ষিত যুব ও যুব বেকার মহিলার মাঝে ১১,১০,০০০/- (এগারো লক্ষ দশ হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। নভেম্বর-২০২১ মাসে ১০জন যুব ও যুব মহিলাকে ৩মাস মেয়াদী প্রশিক্ষণে সিরাজগঞ্জ যুব প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হয়েছে। এছাড়া আরও ৩০জন যুব ও যুব মহিলাকে অপ্রতিষ্ঠানিক প্রশিক্ষণ দেয়া হয়েছে। ডিসেম্বর/২০২১ মাসে আরও ৩০ জন যুব ও যুব মহিলাকে উল্লাপাড়া সদর ইউনিয়নে বাখুয়া সপ্রাবি কেন্দ্রে গাভী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।	উপজেলা যুব উন্নয়ন দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম একটি সার সংক্ষেপ অর্থ বছরের শুরুতেই উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া
০৯	**পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি ঃ** **১। পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নভেম্বর, ২০২১ মাসে মোট ঋণ বিতরণ করা হয়েছে ২৭.০৪ লক্ষ টাকা এবং আদায় করা হয়েছে ২১.২৬ লক্ষ টাকা।	সকল ধরনের ঋণ প্রদান কার্যক্রমে স্বচ্ছতা বজায় রাখতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
	২। সমবায় বিভাগ : আশ্রয়ণ প্রকল্পের ২০২০-২০২১ অর্থ বছরের নিরীক্ষা সম্পাদন শেষ হয়েছে। বকেয়া ঋণসহ ঋণ আদায় ও বিতরণ জোরদার করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে বলা হয়েছে। আশ্রয়ণ প্রকল্পের মনিটরিং ও পরিদর্শন বিষয়ে সকলকে অবহিত করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরের অডিট সম্পাদন, রাজস্ব আদায় ও ভ্রাম্যমান প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করা হয়।	নিরীক্ষা সম্পাদন সহ ঋণ আদায় জোরদার করতে হবে। ভ্রাম্যমান প্রশিক্ষণসহ বিভাগীয় কার্যক্রম গতিশীল করতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা
১০	**বাজার মূল্য পর্যবেক্ষন ও মনিটরিং বিষয়ক কমিটি ঃ** উপজেলা খাদ্য দপ্তরের কাজ স্বাভাবিক ভাবে চলছে। ধান, গম ও চাল ক্রয়ের সময় গুনগত মান নিশ্চিত করা হচ্ছে।	ধান, গম ও চাল ক্রয়ের সময় গুনগত মান নিশ্চিত করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১১	**বন ও পরিবেশ বিষয়ক কমিটি ঃ** উপজেলা বন বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে । সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতায় বন্যপ্রাণি শিকাররোধ করা সম্ভব হয়েছে। ভবিষ্যতেও বন্যপ্রাণির শিকার রোধকল্পে সংশ্লিষ্ট সকলের সার্বিক	উপজেলার ইউনিয়ন পর্যায়ের সরকারি রাস্তায় বনজ ও বজ্রপাত নিরোধক বৃক্ষ রোপন নিশ্চিত করতে হবে। উপজেলা পরিষদের অভ্যান্তরে	উপজেলা বন কর্মকর্তা,

CamScanner

	সহযোগিতা কামনা করছি।	আরও ১৫-২০ টি ঝুকিপূর্ণ ইউকলেপটাস গাছ জরুরী ভিত্তিতে কর্তণের প্রয়োজনীয় বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উল্লাপাড়া
১২	**উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ** উপজেলা পরিষদের আয় ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য ডিসেম্বর/২০২১ মাসে সম্ভাব্য মোট ৫০০০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আনুষাংগিক খাতে ৪০,০০০/- টাকা। উপজেলা পরিষদের আবাসিক ভবন মল্লিকায় টুকিটাকি মেরামত বাবদ ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকার বিল ভাউচার এবং বাংলা ১৪২৮ সালে উপজেলা পরিষদের নামীয় ঝিকিড়া মৌজার ৭.৯৮০০ একর ভূমির ভূমি উন্নয়ন কর বাবদ ১৫৯৬০/- টাকা বিল পাওয়া গেছে। উক্ত ব্যয় যথার্থ হওয়ায় তা পরিশোধ করা প্রয়োজন।	আলোচ্য আগষ্ট/২০২১ মাসে সর্বমোট ব্যয় হবে ৪০,০০০+ ২৫০০০+১৫৯৬০ = ৮০৯৬০/- উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।	হিসাব সহকারী, ইউএনও অফিস
১৩	**উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উল্লাপাড়া ঃ** ২০২১-২০২২ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতার বরাদ্দ পাওয়া গিয়েছে। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে নিম্নবর্নিত বিভাজন অনুযায়ী প্রতিবন্ধী ভাতার তালিকা প্রেরণের অনুরোধ জানানো হয়। বাঙ্গালা ইউপি-৫০টি, বড়হর ইউপি-৪৫টি, বড়পাঙ্গাসী ইউপি-৪৫টি, দূর্গানগর ইউপি-৪০টি, হাটিকুমরুল ইউপি-৬০টি, কয়ড়া ইউপি-০৫ টি, মোহনপুর ইউপি-৪০টি, পঞ্চক্রোশী ইউপি-৩৫টি, পুর্নিমাগাতী ইউপি-৫০টি, রামকৃষ্ণপুর ইউপি-৪০টি, সলঙ্গা ইউপি-৫৫টি, সলপ ইউপি-৪০ টি, উধুনিয়া ইউপি-২৫টি, সদর ইউপি-৫৫টি, উল্লাপাড়া পৌরসভা-৪০টি	জরুরী ভিত্তিতে বিভাজন অনুযায়ী প্রতিবন্ধী ভাতার তালিকা প্রেরণ নিশ্চিত করতে হবে।	মেয়র, উল্লাপাড়া পৌরসভা ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া
১৪	**উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া** পরিবার পরিকল্পনা, মা শিশু, স্বাস্থ্য ও পুষ্টি সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	মাঠকর্মীদের মানসম্মত সেবা প্রদান অব্যাহত রাখতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া
১৫	**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া ঃ** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ২৭-১২-২০২১ খ্রি. তারিখ বিভিন্ন প্রশিক্ষণ ট্রেডে প্রশিক্ষণার্থীদের ভর্তির জন্য সাক্ষাৎকার গ্রহণ করা হবে।	প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে উপজেলার প্রত্যন্ত অঞ্চলের আগ্রহী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া
১৬	**চেয়ারম্যান, উধুনিয়া ইউপি :** তিনি বলেন তার ইউনিয়নের যাবতীয় উন্নয়নমূলক কার্যক্রম ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন, ২০২১ এর কারণে বন্ধ আছে। দ্রুত কাজ শুরু করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। **চেয়ারম্যান, দূর্গানগর ইউপি :** তিনি বলেন তার ইউনিয়নের সার্বিক উন্নয়ন কর্মকান্ড স্বাভাবিক আছে। পুনরায় ইউপি চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় পূর্বের অভিজ্ঞতা কাজে লাগিয়ে ইউনিয়নবাসীর সার্বিক উন্নয়নে কাজ করবেন মর্মে অঙ্গীকার ব্যক্ত করেন। **চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি** পুনঃনির্বাচিত হয়ে নতুন উদ্যোগে বিগত মেয়াদের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে বাঙ্গালা ইউনিয়নের সার্বিক উন্নয়নে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।		

CS CamScanner

	উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ ১। বিভাগীয় কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে পুনরায় অনুরোধ জানানো হয়। স্ব স্ব দপ্তরের সিটিজেন চার্টার, ভ্রমন বিবরণী, বিভিন্ন সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে নিয়মিত হালনাগাদ রাখতে হবে। ২। বাৎসরিক বরাদ্দ বা কার্যক্রমের বিষয়ে একটি তালিকা প্রস্তুত করে উপজেলা পরিষদে প্রেরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ।	১। বিভাগীয় কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ নিশ্চিত করবেন। ওয়েব পোর্টালে তথ্য আপলোডের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করতে হবে। ২। বাৎসরিক বরাদ্দ বা কার্যক্রমের বিষয়ে একটি তালিকা প্রস্তুত করে উপজেলা পরিষদের প্রেরণ নিশ্চিত করতে পুনরায় অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, উল্লাপাড়া
২২	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া তিনি বলেন ইতোপূর্বে মাসিক সভায় গৃহীত সিদ্ধান্ত এবং স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের ভিত্তিতে উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষ ও উপজেলা পরিষদের সভা কক্ষ ইনটেরিয়র ডিজাইন করণের কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। বিএডিসি উল্লাপাড়া কার্যলয় হতে উপজেলার পরিত্যাক্ত গভীর নলকূপগুলো চালু করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। গভীর নলকূপগুলো চালুকরার জন্য বিধি মোতাবেক যে কমিটি গঠন করা হচ্ছে তাতে উপজেলা পরিষদ ও ইউপি চেয়ারম্যানগণকে সম্পৃক্ত করার অনুরোধ জানান। উপজেলার হাটিকুমরুল ইউনিয়নের গোলচত্ত্বরে অবস্থিত নুরজাহান হোটেল ও অন্য একটি হোটেলের পিছনে মাছের ট্রাকের পানির ফেলার কারণে প্রায় ৪০০ বিঘা আবাদি জমিতে পানি জমে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। এ বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক কৃষি জমিতে মাছের ট্রাকের পানি ফেলা বন্ধ করতে এবং সৃষ্ট জলাবদ্ধতা অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়াকে অনুরোধ জানানো হয়।	উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষ ও উপজেলা পরিষদের সভা কক্ষ ইনটেরিয়র ডিজাইন করণের কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। গভীর নলকূপগুলো চালুকরার জন্য বিধি মোতাবেক যে কমিটি গঠন করা হচ্ছে তাতে উপজেলা পরিষদ ও ইউপি চেয়ারম্যানগণকে সম্পৃক্ত করতে হবে। হাটিকুমরুল ইউনিয়নের গোলচত্ত্বরে অবস্থিত নুরজাহান হোটেল ও অন্য একটি হোটেলের পিছনে মাছের ট্রাকের পানির ফেলা বন্ধ করতে হবে এবং কৃষি জমিতে সৃষ্ট জলাবদ্ধতা অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া সহকারী প্রকৌশলী, বিএডিসি উল্লাপাড়া
২৩	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া ঃ ১। সভাপতি, উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের নিজ নিজ দায়িত্ব আন্তরিকতার সাথে পালন করার অনুরোধ জানান। সেই সাথে সকল উন্নয়ন প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। ২। ইতোপূর্বে উপজেলা পরিষদের উন্নয়নমূলক অনুমোদিত কাজগুলো জরুরী ভিত্তিতে আগামী ০১ সপ্তাহের মধ্যে শুরু করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। সরকারি বিভিন্ন বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের জন্য বরাদ্দ প্রদানের সুপারিশ করেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরের কাজগুলো দ্রুত শুরু করার অনুরোধ জানান।	উপজেলা পরিষদের উন্নয়নমূলক অনুমোদিত কাজগুলো জরুরী ভিত্তিতে শুরু করতে হবে। সরকারি বিভিন্ন বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের জন্য বরাদ্দ প্রদানের ব্যবস্থা রাখতে হবে।	উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, উল্লাপাড়া

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চিরিরবন্দর, দিনাজপুর

স্মারক [illegible] তারিখ : [illegible] খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪ দিনাজপুর ৪, চিরিরবন্দর।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিরিরবন্দর, দিনাজপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিরিরবন্দর, দিনাজপুর।
৬। [illegible], চিরিরবন্দর, দিনাজপুর।
৭। উপজেলা .... কর্মকর্তা, চিরিরবন্দর, দিনাজপুর।
৮। চেয়ারম্যান, ... চিরিরবন্দর, দিনাজপুর।
৯। অফিস কপি।

([illegible])
উপজেলা নির্বাহী অফিসার
চিরিরবন্দর, দিনাজপুর।